

তারিখ: ০৩-০৪-২০১৭

বরাবর

মাননীয় সচিব

সমাজ কল্যাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: নিঃসন্তান বিধবা ভাতা চালু প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, পিআরএসপি-২ এর সময় পরিকল্পনাতে নিঃসন্তান বিধবা ভাতা বিষয়টি অন্তর্ভুক্ত করার চেষ্টা করা হয়েছিল কিন্তু আর্থিক সীমাবদ্ধতার কারণে শেষ পর্যন্ত তা অন্তর্ভুক্ত করা সম্ভব হয়নি। বর্তমানে বিষয়টি সামাজিক নিরাপত্তা বেস্টনির অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নিঃসন্তান বিধবারা নানাবিধ আর্থিক এবং সামাজিক সংকটের সম্মুখীন হয়। অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় যে, স্বামীর মৃত্যুর পর যেমন স্বামীর বাড়িতে তাদের কোন স্থান হয় না, তেমনি আবার বাবার বাড়িতেও ঠাই পায় না। সকলের কাছে প্রায় অবাঞ্ছিত ব্যক্তি হিসাবে দেখা দেয়। এ ছাড়া তারা নিঃসন্তান হওয়ায় কারণে তাদের দেখাশুনার জন্য কোনো নিকটজনও থাকে না। ফলে, স্বাভাবিক জীবন যাপন করা তাদের জন্য অত্যন্ত কঠিন হয়ে পড়ে। এমতাবস্থায় তারা যদি সামাজিক নিরাপত্তা বেস্টনির আওতায় সন্তানহীন বিধবা ভাতা পায় তাহলে তাদের কষ্ট কিছুটা হলেও লাঘব হবে।

অতএব, সমাজের বৃহৎ স্বার্থে নিঃসন্তান বিধবা ভাতা চালু করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

শ্রদ্ধান্তে,



ড. খুরশীদ আলম

চেয়ারম্যান

বাংলাদেশে ইনস্টিটিউট অব সোশ্যাল রিসার্চ ট্রাস্ট।

মোবাইল: ০১৭১১-০৭১০৫৩

Dr. M. Khurshed Alam

Chairman

BISR (Bangladesh Institute of Social Research) Trust